## "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা -২০২৩" এর প্রস্তুতি সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব এস. এম. রকিবুল হাসান , উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত), সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
তারিখ ঃ ১৩/০৩/২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সভ্যগণের নাম পরিশিষ্ট "ক"তে দেখানো হলো।**

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর এলিজা সুলতানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য-সচিব শিক্ষা মন্ত্রণালয়ের "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ সংশোধিত নীতিমালা-২০২২" এর প্রজ্ঞাপন সভায় উপস্থিত সভ্যগণকে পড়ে শুনান। সভাপতি বলেন, অনন্য সাধারণ মেধা অন্বেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সৃজনশীল মেধা অনুসন্ধানে সরকার সমন্বিত কর্মসূচী গ্রহণ করেছে। উক্ত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ সংশোধিত নীতিমালা-২০২২" এর আলোকে সিরাজগঞ্জ সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক পর্যায় হতে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত(৬ষ্ঠ হতে দ্বাদশ)শ্রেণীর ছাত্র/ছাত্রী প্রতিযোগিতার মাধ্যমে ১. ভাষা ও সাহিত্য (বাংলা ও ইংরেজী) ২. দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান(পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান) ৩. গণিত ও কম্পিউটার ৪. বাংলাদেশ স্টাডিজ(ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান) ৫. বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ(শুধুমাত্র প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য)সহপাঁচটি বিষয়ে "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩" হৈমবালা বালিকা উচ্চ বিদ্যালয়ে আগামী ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে । এতদ্‌বিষয়ে সভ্যগণ বিশদ আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয় ।

**সিদ্ধান্ত ঃ ১।** "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩" এর শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দিষ্ট আবেদন ফরম স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পূরণ পূর্বক আগামী ১৬/০৩/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ সদর ও সদস্য সচিব "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩" এর কার্যালয়ে জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নেঃ** স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

**সিদ্ধান্ত ঃ** ২।"বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩" হৈমবালা বালিকা উচ্চ বিদ্যালয়ে আগামী ২১/০৩/২০২৩খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে সকল গ্রুপের প্রতিযোগিতা শুরু করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ও প্রধান শিক্ষক, হৈমবালা বালিকা উচ্চ বিদ্যালয়।

**সিদ্ধান্ত ঃ** ৩। "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩" এর জন্য অনধিক ০৭ (সাত)জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরী করে তাঁর মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে নির্দেশনা রয়েছে। নীতিমালা মোতাবেক বিচারক প্যানেল গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। অত্র উপজেলার ক্ষেত্রে বিধি মোতাবেক পার্শ্ববর্তী কামারখন্দ উপজেলা থেকে বিচারক প্যানেল এর তালিকা গ্রহণ করে প্রতিযোগিতা সম্পন্ন করাসহ অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে বিচারক প্যানেল প্রস্তুত করে পার্শ্ববর্তী কামারখন্দ উপজেলায় প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। বিচারকের দায়িত্ব প্রাপ্ত শিক্ষককে নির্ধারিত তারিখে ছাড়পত্র প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রধান শিক্ষককে অনুরোধ জানানো হয় ।

**বাস্তবায়নেঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

| ক্রঃনং | বিষয় | বিচারকের নাম | পদবী ও প্রতিষ্ঠানেরে নাম |
|---|---|---|---|
| ০১ | ভাষা ও সাহিত্য (বাংলা ও ইংরেজী) | ১। মোঃ শরিফ হোসেন<br>২। লিলি খাতুন | সহকারি শিক্ষক, হৈমবালা বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর।<br>সিনিয়র শিক্ষক, সালেহা ইসহাক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| ০২ | দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান) | ১। সঞ্জিব কুমার কর্মকার | সিনিয়র শিক্ষক, সবুজ কানন স্কুল এন্ড কলেজ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| ০৩ | গণিত ও কম্পিউটার | ১। রতন কুমার সরকার<br>২। জিয়াসমিন সুলতানা | সিনিয়র শিক্ষক, বি. এল সরকারী উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর।<br>সহকারি শিক্ষক, ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর। |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৪ | বাংলাদেশ স্টাডিজ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান) | মহসিন নুরি | সিনিয়র শিক্ষক, বি. এল সরকারী উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |
| ০৫ | বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ | জুবাইদা খাতুন | সিনিয়র শিক্ষক, সালেহা ইসহাক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। |

৫. মেধা যাচাইয়ের পদ্ধতি নিম্নরুপ ঃ

৫.১ ভাষা ও সাহিত্য

(ক) তাৎক্ষনিক রচনা প্রতিযোগিতা(বাংলা ও ইংরেজী, লিখিত নম্বর-১০+১০=২০

(খ) পর্যায়ক্রমে বাংলায় গল্প বলা - নম্বর-১৫

(গ) উপস্থিত বক্তৃতা(ইংরেজি) - নম্বর-১৫

৫.২ ৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান)

(ক) MCQ -নম্বর-১০

(খ) বিজ্ঞান বিষয়ক রচনা- নম্বর-১০

(গ) বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন -নম্বর-১০

৫.৩ গণিত ও কম্পিউটার

(ক) গণিত(লিখিত ও মৌখিক মূল্যায়ন) -নম্বর-২০+১০

(খ) কম্পিউটার(সমস্যা ও সমাধান) -নম্বর-২০

৫.৪ বাংলাদেশ স্টাডিজ

(ক) লিখিত সৃজনশীল-নম্বর-২০

(খ) MCQ -নম্বর-১০

(গ) মৌখিক -নম্বর-২০

৫.৫ বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ(শুধুমাত্র প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য)

(ক) লিখিত সৃজনশীল-নম্বর-২০

(খ) MCQ -নম্বর-১০

(গ) মৌখিক -নম্বর-২০

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(এস. এম. রকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
ও
আহবায়ক
"বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩"
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নং-উমাশিঅ/সিরাজ/সদর/২৩/৬২(১৩০) তারিখঃ ১৩/০৩/২০২৩খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০১। অধ্যক্ষ.................................................কলেজ/মাদ্রাসা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

০২। সহকারী কমিশনার (ভুমি), সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

০৩। প্রধান শিক্ষক/সুপার,........................................................বিদ্যালয়/মাদ্রাসা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

০৪। উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

০৬। অফিস নথি সংরক্ষণ।

(এলিজা সুলতানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য-সচিব
"বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩"
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।